গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
e-mail: dwadhaka @ gmail.com

স্মারক নং ঃ ৩২.০১.০০০০.০০৯.১০.০২২.১৫-১৪৭ তারিখ ঃ ২০/১১/২০১৫ খ্রিঃ

বিষয় ঃ Governance Innovation Unit কর্তৃক আয়োজিত বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্র ঃ নং-৩২.০১.০০০০.০৫৬. ১৬. ০০১. ০৯. ৩২২ তারিখ ঃ ৩০/০৯/২০১৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, Governance Innovation Unit কর্তৃক আয়োজিত ১৮/০৩/২০১৪ ইং তারিখে অনুষ্ঠিত বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত পরামর্শক সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা-উপজেলা কার্যালয় সমূহে বিভিন্ন ব্যবস্থা গ্রহন করা হয়েছে। উল্লেখিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ঃ-

- অক্টোবর'২০১৫ মাসে ঢাকা জেলায় মোট ৮১৫টি বিবাহ রেজিস্ট্রেশন করা হয়েছে। ১০টি বাল্যবিবাহ নিরোধ করা হয়েছে। বাল্যবিবাহ প্রতিরোধে যে সকল কার্যক্রম গৃহীত হয় সেগুলো হলো ঃ তেজগাঁও উন্নয়ন সার্কেলে মিরপুর, যাত্রাবাড়ী ও কমলাপুর এ ৩টি উঠান বৈঠক করা হয়েছে। সাভার উপজেলায় সাভার ইউনিয়ন পরিষদের ৩০জন উপকারভোগীকে নিয়ে উঠান বৈঠক করা হয়। ধামরাই উপজেলায় ১৫০জন নারী-পুরুষের সমন্বয়ে বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত উঠান বৈঠক করা হয়। কেরানীগঞ্জ উপজেলায় ২টি উঠান বৈঠক করা হয়েছে। দোহার উপজেলায় কাজী ও ইউপি চেয়ারম্যানদের নিয়ে দু'বার সভা ও উঠান বৈঠক করা হয়েছে। নবাবগঞ্জ উপজেলায় ২টি উঠান বৈঠক করা হয়েছে। এ সকল বৈঠকে এর কুফল সম্পর্কে আলোচনা করা হয়েছে

- রাজবাড়ী জেলায় বাল্যবিবাহ প্রতিরোধে নিয়মিত জেলা ও উপজেলা বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত কমিটির সভায় সামাজিক সচেতনতা বৃদ্ধি ও জনমত গঠনের মধ্য দিয়ে একটি সামাজিক আন্দোলন গড়ে তোলা হয়েছে। বর্তমানে প্রশাসনের পক্ষ থেকে বাল্যবিবাহের বিষয়ে জিরো টলারেন্স রয়েছে। ফলে রাজবাড়ী জেলায় বাল্যবিবাহের হার অনেকাংশে হ্রাস পেয়েছে। এ অগ্রগতি ধরে রাখা এবং সচেতনতা আরো বৃদ্ধি করার লক্ষ্য নিয়ে স্থানীয় ০৩(তিন) জন মাননীয় জাতীয় সংসদ সদস্য, মাঠ পর্যায়ের কর্মকর্তা, নিকাহ রেজিষ্টার, কাজী, ইউপি চেয়ারম্যান এবং বিবাহ সংশ্লিষ্টদের নিয়ে বাল্যবিবাহ নিরোধ কার্যক্রমকে আরো ফলপ্রসুভাবে বাস্তবায়ন করে রাজবাড়ী জেলাকে বাল্যবিবাহ মুক্তকরণের লক্ষ্যে জেলা প্রশাসনের উদ্যোগে সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে বিগত ১৭/১০/২০১৫ খ্রিষ্টাব্দ তারিখ সকাল-১১.০০ টায় জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এক সংলাপ এর আয়োজন করা হয়েছিল।

- নারায়নগঞ্জ জেলায় অক্টোবর'২০১৫ মাসে আড়াইহাজার উপজেলায় ২টি, সোনারগাঁও উপজেলায় ২টিসহ সর্বমোট ৪টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। এছাড়াও উঠান বৈঠক, আলোচনা সভা, সচেতনতামূলক সভা, উদ্বুদ্ধকরণ সভা অব্যাহত আছে।

- টাঙ্গাইল জেলায় বিগত ১৯/০৯/২০১৫ খ্রিঃ তারিখে ভূঞাপুর, গোপালপুর, মধুপুর ও ধনবাড়ী উপজেলা, ২০/০৯/২০১৫ তারিখে ঘাটাইল, কালিহাতী, বাসাইল ও সখিপুর উপজেলা, ২১/০৯/২০১৫ তারিখে দেলদুয়ার, নাগরপুর, মির্জাপুর ও টাঙ্গাইল সদর উপজেলায় গণশিক্ষার শিক্ষক, শিক্ষিকা, ইমাম,আলেম ওলামা ও গণ্যমান্য ব্যক্তিবর্গদের নিয়ে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আলোচনা সভা করা হয়েছে। উক্ত আলোচনা সভায় সকল ধর্মীয় শিক্ষক ও মসজিদের ইমাম সাহেবগণকে বাল্যবিবাহ প্রতিরোধ সম্পর্কে জুম্মার নামাজে খুৎবা পাঠের পূর্বে ও যে কোন ধর্মীয় অনুষ্ঠানে বয়ান করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে এবং কোরআন হাদীসের আলোকে বাল্যবিবাহ রোধ করার বিষয়ে জুমার নামাজের খুতবার পূর্বে বিস্তারিত আলোচনা করার অনুরোধ জানানো হয়।
  এছাড়াও ধর্মীয় অনুশাসনের ভিত্তিতে ধর্মীয় নেতাগণ বাল্যবিবাহ প্রতিরোধে সকল মসজিদে এবং হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান সম্প্রদায়ের স্ব-স্ব ধর্মীয় প্রতিষ্ঠানে বক্তব্য রাখার জন্য অনুরোধ করা হয়েছে।

টাঙ্গাইল জেলায় প্রাথমিক, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে ক্লাস রুমে ছাত্র/ছাত্রীদের বাল্যবিবাহ কুফল বিষয়ে অভিভাবকদের নিয়ে সমন্বয় সভার প্রয়োজনীয়তার বিষয় উল্লেখ করে শিক্ষা অফিসারদেরকে উপজেলার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম অনুষ্ঠিতব্য সভার তারিখ উল্লেখ পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়। জেলা/উপজেলা শিক্ষা অফিস সমূহের কর্মকর্তাগণ বিদ্যালয় পরিদর্শনকালে বাল্যবিবাহ প্রতিরোধকল্পে কমিটি গঠন পূর্বক শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণার্থে শিক্ষক/শিক্ষিকা, অভিভাবক ও প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সাথে আলোচনা অব্যাহত রাখার অনুরোধ করা হয়।

- সিরাজগঞ্জ ঃ জনাব মোঃ বিল্লাল হোসেন, জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে জেলা শিক্ষা অফিসার, উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, জেলা রেজিস্টারসহ সকলের সাথে নিয়মিত যোগাযোগ রেখে বাল্যবিবাহ প্রতিরোধের কার্যক্রম গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ করেন। তিনি বিয়ে রেজিষ্ট্রি করার পূর্বে মেয়ের বয়স নিশ্চিত হওয়ার জন্য স্কুল/কলেজ ও ইউপি চেয়ারম্যানের সাথে যোগাযোগ করার জন্য সকল নিকাহ রেজিস্টারকে অনুরোধ করেন।
- সিরাজগঞ্জে সকলকে বাল্যবিবাহ প্রতিরোধ র‌্যালী, আলোচনা সভা করতে হবে মর্মে নির্দেশনা দেয়া হয়েছে।

- ঝালকাঠি জেলায় বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির অক্টোবর'২০১৫ মাসের সভায় তৃণমূল পর্যায়ে জনসাধারনের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন ও সহযোগী এনজিওদের মাধ্যমে উঠান বৈঠক করা হয়। প্রতি শুক্রবার জুমার নামাজের খুতবার সময় উপস্থিত মুসল্লিদের উদ্দেশ্যে বাল্যবিবাহের কুফল তুলে ধরে বক্তব্য রাখার ব্যবস্থা করা হচ্ছে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও অভিভাবকগণের উদ্দেশ্যে শিক্ষকবৃন্দ বক্তব্য রাখছেন। বাল্যবিবাহ প্রতিরোধে মাঠ পর্যায় থেকে সকল কমিটির কার্যক্রমকে আরও জোরদার করা হবে। উঠান বৈঠক অব্যাহত রেখে মানুষকে সচেতন করার নির্দেশনা দেয়া হয়েছে।

- ঝিনাইদহ জেলা ও জেলাধীন ৬টি উপজেলা কার্যালয়ের অক্টোবর'২০১৫ খ্রিঃ মাসের বাল্যবিবাহ প্রতিরোধে যে সব ব্যবস্থা গৃহীত হয় ঃ গৃহীত ব্যবস্থাদির মধ্যে প্রতিরোধকৃত বাল্যবিবাহের সংখ্যা ০১টি। কাজী/ মৌলভী/ ধর্মীয় শিক্ষকসহ সচরাচর বিয়ে পড়িয়ে থাকেন এরূপ ব্যক্তিবর্গের ২টি উপজেলায় প্রশিক্ষণ দেয়ার কার্যক্রম চলমান রয়েছে। ২৭টি উঠান বৈঠক, আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অংশগ্রহনকারীর সংখ্যা ১৭১০জন। এছাড়াও তথ্য অফিসের মাধ্যমে ১২টি সিনেমার শো প্রদর্শন করা হয়। অংশগ্রহনকারীর সংখ্যা ১৬০০০জন।

- কুষ্টিয়া জেলার অক্টোবর'২০১৫ খ্রিঃ মাসে মিরপুর উপজেলায় ১টি বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে । কুমারখালি উপজেলার চাপড়া ইউনিয়নের পারসাওতা গ্রামে (মাছাঃ আরজিনা খাতুন পিতা-মোঃ রিয়াজউদ্দিন) ১টি বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে। সমাবেশ, উঠান বৈঠক , মতবিনিময় সভা ,সচেতনতামূলক সভা অব্যাহত আছে।
- মুন্সীগঞ্জ জেলায় অক্টোবর'২০১৫ মাসে লৌহজং উপজেলার খিদিরপাড়া ইউনিয়নে ০১টি বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে। শ্রীনগর উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে সচেতনতাসৃষ্টি, ইমাম, কাজী ও এলাকার গন্যমান্য ব্যক্তিদের অংশগ্রহনে সমাবেশ অনুষ্ঠিত হয়। এছাড়াও উঠান বৈঠক, সচেতনতামূলক আলোচনা সভা, উদ্বুদ্ধকরণ সভা, অব্যাহত আছে।

- অক্টোবর'২০১৫ মাসে হবিগঞ্জে জেলার সদর উপজেলায় ১টি, চুনারুঘাট উপজেলায় ২টি, বানিয়াং উপজেলায় ১টি এবং আজমিরীগঞ্জ উপজেলায় ১টিসহ সর্বমোট ৫টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। এছাড়াও উঠান বৈঠক, আলোচনা সভা, উদ্বুদ্ধকরণ সভা ও প্রচারনার অব্যাহত আছে।

- নড়াইল জেলায় ১৩/০৯/২০১৫ ইং তারিখ জ্যোতি নারী ও শিশু উন্নয়ন সংস্থা, সেখহাটি, নড়াইল সদর, নড়াইল এর ২৫জন নারীকে নিয়ে বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতনমূলক উঠান বৈঠক করেছেন। ১৫/০৯/২০১৫ ইং তারিখ চাচুড়ি ইউনিয়ন পরিষদে ছাত্র/ছাত্রী, শিক্ষক জনপ্রতিনিধি, ইমাম. ধর্মীয় শিক্ষকসহ ১২৫জন ও গণমান্য ব্যক্তির উপস্থিতিতে বাল্যবিবাহের কুফল সম্পর্কে গণসচেতনতা মূলক সভা করা হয়েছে। সভায় জনাব মোঃ কামরুল ইসলাম উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া নড়াইল উপস্থিত ছিলেন। ১৭/০৯/২০১৫ ইং তারিখ তথ্য অফিস নড়াইল কর্তৃক আয়োজিত শেখহাটি ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান, ইউপি মেম্বার, স্কুলের শিক্ষক, মসজিদের ইমামসহ ২৫জনের উপস্থিতিতে বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতন মূলক সভা করা হয়েছে। ২১/০৯/২০১৫ ইং তারিখ নড়াইল সদর উপজেলার ভদ্রবিলা ইউনিয়ন পরিষদে ৪০জন ভিজিডি উপকারভোগী মহিলাদের প্রশিক্ষণের পাশাপাশি তাদেরকে বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতন করা হয়েছে। ২৭/০৯/২০১৫ ইং তারিখ ভদ্রবিলা নারী ও শিশু উন্নয়ন সংস্থা, ভদ্রবিলা, নড়াইল সদর, নড়াইল এর ২৫জন নারীকে নিয়ে বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতনতামূলক উঠান বৈঠক করেছেন। ১২/১০/২০১৫ ইং তারিখ প্রচেষ্টা মহিলা উন্নয়ন সংস্থা, মহিষখোলা, নড়াইল সদর, নড়াইল এর ২৫জন নারীকে নিয়ে বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতনতামূলক উঠান বৈঠক করেছেন।
- ১২/১০/২০১৫ ইং তারিখ ভ্রাম্যমান আদালতের মাধ্যমে নড়াইল সদর উপজেলায় আমেনা খানম, পিং-মোঃ ইমারুল বিশ্বাস, গ্রাম-মাথাবাঙ্গা, ডাক-দারিয়াপুর, ইউনিয়ন-ভদ্রবিলা, নড়াইল সদর, নড়াইলে এর বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে।

- নড়াইল মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে বাল্যবিবাহ নিরোধ নিয়ে আলোচনা করা হয় কিনা তা মনিটরিং করার জন্য গঠিত কমিটি শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে তদারকি করবেন এবং ছাত্র/ছাত্রীদের নিয়ে বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতনতা মূলক সভা করা হচ্ছে।

  নিকাহ রেজিষ্টারদের নিয়ে নিয়মিত সভা ৬ মাসের স্থলে ৩ মাস করা ও পরবর্তী সভা জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষে করার জন্য জেলা রেজিষ্টার নড়াইলকে অনুরোধ করা হয়।

- জেলা ও উপজেলা কর্তৃক গৃহীত বাস্তবায়িত উদ্ধুদ্ধকরণ ও সচেতনতা সৃষ্টি মূলক বিভিন্ন কার্যক্রমের উপর সকল জেলা থেকে প্রাপ্ত প্রতিবেদনে বাল্যবিবাহ রোধ সংক্রান্ত উঠান বৈঠক ও আলোচনা সভা করা হয় মর্মে উল্লিখিত রয়েছে ।

◆ উল্লেখ্য ''বাল্যবিবাহ নিরোধ" বিষয়ে বাস্তবায়িত কার্যক্রম সম্পর্কে মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখা থেকে নিয়মিত মনিটর করা হচ্ছে।

২৫/১১/১৪


(এ.বি.এম. জাকির হোসাইন)
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
☏ - ৯৩৩৬০৬৩ ।


সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ- অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)।